দৈনিক
জনকণ্ঠ

তারিখ ২০ MAY 2016
পৃষ্ঠা ২০ কলাম ২

# নিরাপত্তাহীনতায় ভুগছেন রাজশাহী কলেজের আবাসিক শিক্ষার্থীরা

## পুলিশ ফাঁড়ি স্থাপন দাবি

**স্টাফ রিপোর্টার, রাজশাহী ॥** তুচ্ছ ঘটনায় প্রায়ই সংঘর্ষ, মারামারি ও সংঘাতে আতঙ্কের মধ্যে রয়েছেন রাজশাহী কলেজের শিক্ষার্থীরা। বিশেষ করে আবাসিক সাধারণ শিক্ষার্থীরা রয়েছেন নিরাপত্তাহীনতায়।

সর্বশেষ গত মঙ্গলবার তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে হোস্টেলে একাধিক কক্ষে আগুন দেয়ার ঘটনায় আবাসিক শিক্ষার্থীদের মধ্যে এখন আতঙ্কাবস্থা বিরাজ করছে। হোস্টেল শিক্ষার্থীদের নিরাপত্তার জন্য গত মঙ্গলবার থেকে পুলিশ মোতায়েন করা থাকলেও স্থায়ী পুলিশ ফাঁড়ি স্থাপনের দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা। সাধারণ শিক্ষার্থীদের দাবি, কলেজ ক্যাম্পাসে আগের মতো পুলিশ ফাঁড়ি থাকলে বারবার এ ধরনের ঘটনা ঘটত না। নাম প্রকাশ না করার শর্তে হোস্টেলের সাধারণ শিক্ষার্থীরা অভিযোগ করেন, কলেজ হোস্টেলে কিছু রাজনৈতিক নামধারী বহিরাগত নেতারা সাধারণ শিক্ষার্থীদের প্রায়ই নির্যাতন করে। হোস্টেলের অনেক শিক্ষার্থী নিরাপত্তার অভাবে হল ছেড়ে চলে গেছেন। এর আগে হোস্টেল নিয়ন্ত্রণ করতে না পারায় হোস্টেল তত্ত্বাবধায়করাও পদত্যাগের সিদ্ধান্ত নিয়েছিলেন।

কলেজের মুসলিম ছাত্রাবাসের বীরশ্রেষ্ঠ মুন্সী আবদুর রউফ ও বীরশ্রেষ্ঠ মোস্তফা কামাল ব্লকের শিক্ষার্থীরা জানান, দুই ব্লকে এখন মাত্র ২০ জন করে শিক্ষার্থী রয়েছেন অথচ আসন সংখ্যা রয়েছে ৬০টি করে।

এর আগে বীরশ্রেষ্ঠ জাহাঙ্গীর হোস্টেলে মারামারির ঘটনায় শিক্ষার্থী না থাকায় খাবার ডাইনিং বন্ধ হয়ে যায়। কলেজ অধ্যক্ষ প্রফেসর হবিবুর রহমান জানান, কলেজে হোস্টেল শৃঙ্খলা ফিরিয়ে আনতে সকল বহিরাগতের প্রবেশ নিষেধ করা হয়েছে। হোস্টেলে যতদিন শৃঙ্খলা ফিরে না আসবে ততদিন পুলিশ অবস্থান করবে, তাই শিক্ষার্থীদের আতঙ্কের কোন কারণ নেই।

প্রসঙ্গত, মঙ্গলবার রাজশাহী কলেজে এক কর্মীকে মারপিটের জের ধরে ছাত্রলীগের নেতাকর্মীরা কলেজের ছাত্র হোস্টেলের দুটি কক্ষে অগ্নিসংযোগ করে।